25

দৈনিক সংবাদ

তারিখ 27 APR 1996
পৃষ্ঠা 2 কলাম 2

ছাত্র ইউনিয়নের নয়া কমিটি পরিচিতি

# শিক্ষা সমস্যা ভিত্তিক ছাত্র আন্দোলন গড়ে তোলার অঙ্গীকার

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন গতকাল শুক্রবার এক সাংবাদিক সম্মেলন থেকে শিক্ষা সমস্যাভিত্তিক ছাত্র আন্দোলন গড়ে তোলার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছে।

গতকাল বিকেলে মধুর কেন্টিনে আয়োজিত এ সাংবাদিক সম্মেলনে সংগঠনের নবনির্বাচিত কমিটিকে পরিচয় করিয়ে দেন ছাত্র ইউনিয়নের নবনির্বাচিত সভাপতি আসলাম খান। লিখিত বক্তব্য পড়ে শোনান সাধারণ সম্পাদক হাসান হাফিজুর রহমান সোহেল। উপস্থিত ছিলেন মাহবুবুল হক রিপন, সমীর মিত্র, মঞ্জুর-ই-খুদা টরিক, তাহমিদুজ্জামান তাহমিদ, কামাল হোসেন বুলবুল প্রমুখ।

সাংবাদিক সম্মেলনের লিখিত বক্তব্যে বলা হয়, সম্প্রতি সমাপ্ত ছাত্র ইউনিয়নের ২৪তম জাতীয় সম্মেলনে সাধারণ ও সাংগঠনিক সম্পাদক কর্তৃক উত্থাপিত রিপোর্টে শিক্ষা নীতির দাবিতে সংগ্রামের ওপর গুরুত্ব আরোপ করা হয়।

রিপোর্টে বলা হয়, ডোনেশন প্রথা বাতিল, শিক্ষাকে বাণিজ্যিকীকরণ, প্রশ্নপত্র ফাঁস, স্কুল থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত সেশনজট, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের আসন সংখ্যা বৃদ্ধি, কাগজের মূল্য হ্রাস, স্কুল পর্যায়ে বই সরবরাহ, ছাত্র সমাজের ১০ দফা বাস্তবায়নের লক্ষ্যে আন্দোলন সংগ্রাম গড়ে তুলতে হবে।

ছাত্র আন্দোলনের স্থবিরতার কারণ অনুসন্ধান করে রিপোর্টে বলা হয়, অনেকগুলো বিষয়ের মধ্যে একটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে দৃষ্টিভঙ্গিগত পার্থক্য। ক্ষমতায় টিকে থাকা, ক্ষমতা দখল করার রাজনীতিতে ছাত্র সমাজ হাতিয়ারে পরিণত হয়েছে।

অস্ত্রধারীদের গ্রেফতার, ঋণখেলাপিদের গ্রেফতার, বিশেষ ক্ষমতা আইন, অর্পিত সম্পত্তি আইন, অভিন্ন নিয়ন্ত্রণ আইন, প্রেস এন্ড পাবলিকেন্স এ্যাক্টসহ সকল কালো আইন বাতিল করার জন্য সাংবাদিক সম্মেলন থেকে তত্ত্বাবধায়ক সরকারের কাছে দাবি জানানো হয়।